মেহেরপুরে জেলা জামায়েতের সাবেক আমির ছমির উদ্দিনের ইন্তেকাল

মেহেরপুর জেলা জামায়াতের সাবেক আমীর ও সাবেক উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব ছমির উদ্দীন বার্ধক্যজনিত কারণে ইন্তেকাল করেছেন ( ইন্না লিল্লাহী ওয়া ইন্না এলাহী রাজিউন)।

আজ মঙ্গলবার (২৯ অক্টোবর) সকাল পৌণে ১১ টার দিকে মারা যান তিনি।

আলহাজ্ব ছমির উদ্দীনের ছেলে ডেন্টিস্ট তারিক মোহাম্মদ তাওয়াবুল ইসলাম এই তথ্য নিশ্চিত করেন।

তিনি জানান, ২৫ অক্টোবর তিনি আমেরিকা থেকে দেশে ফিরেছেন। গতকাল ২৮ অক্টোবর দুপুরে বাংলাদেশ জামায়াত ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে আয়োজিত “ঐতিহাসিক পল্টন ট্রাজেডি দিবস” উপলক্ষে আয়োজিত আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন।

আজ মঙ্গলবার সকালে তাঁর মায়ের কবর জিয়ারত শেষে বাড়িতে এসে পারিবারিক বিষয় নিয়ে আলোচনা করছিলেন।

হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। এসময় তাকে মেহেরপুর ২৫০ শয্য বিশিষ্ট জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

মৃত্যুকালে তার ৪ ছেলে ৪ মেয়ে, স্ত্রী আত্মীয় স্বজন, রাজনৈতিক সহকর্মী বন্ধু বান্ধবসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

আলহাজ্ব ছমির উদ্দীন বাংলাদেশ বিমান বাহিনীতে চাকুরী করতেন। চাকুরী শেষে তিনি দীর্ঘদিন কুয়েত ছিলেন।

পরে বাংলাদেশ জামায়াত ইসলামীর রাজনীতিতে যুক্ত হন। তিনি রাজনৈতিক জীবনে মেহেরপুর সদর উপজেলা জামায়াতের আমীর নির্বাচিত হন।

পরে তিনি দীর্ঘদিন মেহেরপুর জেলা জামায়াতের আমীর ও কেন্দ্রীয় জামায়াতের সূরা সদস্য ছিলেন। তিনি সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান

নির্বাচিত হয়েছিলেন।

রাজনৈতিক জীবনে তিনি ২০০৬ সালের পর মেহেরপুর সামসুজ্জোহা পার্কে প্রকাশ্যে পুলিশ কর্তৃক নির্যাতন স্বীকার হন।

তাঁর বড় ছেলে মেহেরপুর জেলা জামায়াতের তৎকালিন সেক্রেটারী ও জেলা ছাত্র শিবিরের সাবেক সভাপতি তারিক মোহাম্মদ সাইফুল ইসলামকে ২০১৪ সালের ১৯ জানুয়ারি দুপুরে মেহেরপুর শহরের হোটেল বাজার এলাকায় ইসলামি ব্যাংকের কাছ থেকে পুলিশ আটক করেন।

ওইদিন গত রাতে বন্দর গ্রামের শ্বসানঘাট এলাকায় কথিত ক্রস ফায়ারের নামে হত্যা করে। তারপরপরই আলহাজ্ব ছমির উদ্দীন তার আমেরিকা প্রবাসী মেঝো ছেলের কাছে চলে যান।

তারপর তাঁর বিরুদ্ধে একাধিক মিথ্যা মামলা দায়ের করেন আওয়ামীলীগ সরকার। এছাড়া শহরের বাড়িতে অগ্নি সংযোগ করে পুড়িয়ে দেওয়া হয় তাঁর বাড়িটি।

২০২২ সালের ২২ ফেব্রুয়ারি আলহাজ্ব ছমির উদ্দীনের মায়ের মৃত্যুর সময় দেশে আসলে মায়ের জানাযা থেকে পুলিশ তাকে গ্রেফতার করে। বেশ কিছুদিন হাজত বাসের পর জামিনে মুক্ত হয়ে আবারও আমেরিকাতে চলে যান তিনি।

আলহাজ্ব ছমির উদ্দীনের আকষ্মিক মৃত্যুতে শোক জানিয়েছেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুন, মেহেরপুর জেলা জামায়াতের আমীর মাওলানা তাজ উদ্দীন খান, মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক এমপি আমজাদ হোসেন, সিনিয়র সহসভাপতি জাভেদ মাসুদ মিল্টন, আলমগীর খান ছাতুসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠণের নেতৃবৃন্দ।

পারিবারিক ভাবে জানা গেছে, আজ রাত সাড়ে ৮টার দিকে মেহেরপুর সরকারী কলেজ মাঠে জানাজা শেষে পৌর কবর স্থানে দাফন করা হবে।

গাংনীতে গাঁজাসহ নারী আটক

গাংনীতে ১০০ গ্রাম গাঁজাসহ রোজিনা খাতুন (৩৫) নামের এক নারীকে আটক করেছে গাংনী থানা পুলিশ।

আটক রোজিনা খাতুন গাংনী উপজেলার সহড়াতলা গ্রামের সীমান্তবর্তি বর্ডারপাড়া এলাকার মজনু আলীর স্ত্রী।
গতকাল রবিবার দিবাগত রাতে গাংনী থানার উপপরিদর্শক (এসআই) শিমুল বিল্লাহ গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ তাঁর বাড়িতে অভিযান চালিয়ে রোজিনা খাতুনকে আটক করে।

এসআই শিমুল বিল্লাহ জানান, গোপন সংবাদের ভিত্তিতে খবর পেয়ে ওই বাড়িতে অভিযান চালানো হয়। রোজিনাকে আটকের পর তাঁর স্বীকারোক্তী মোতাবেক ঘর থেকে ১০০ গ্রাম গাঁজা জব্দ করা হয়।

এদিকে এলাকাবাসি নাম প্রকাশ না করার শর্তে জানান, রোজিনা খাতুন তার ছেলেসহ মাদক ব্যবসা চালিয়ে আসছে। পুলিশী অভিযানের কথা টের পেয়ে ছেলে পালিয়ে গেছে।

এঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে জিসান স্মৃতি ফুটবল টুর্নামেন্টে ফাইনাল খেলা অনুষ্ঠিত

মেহেরপুরে জিসান স্মৃতি ফুটবল টুর্নামেন্ট ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (২৮ অক্টোবর) বিকেলে মেহেরপুর সরকারি উচ্চ বালক বিদ্যালয় মাঠ প্রাঙ্গণে এ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা যুবদলের সদস্য ও জিসান স্মৃতি ক্লাবের সভাপতি মেহেদী হাসান রোলেক্সের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর বিএনপি’র সভাপতি ও সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাস।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর বিএনপি’র যুগ্ন সাধারন সম্পাদক আবু তালেব ও যুবদলের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এ সময় জাহাঙ্গীর বিশ্বাস বলেন তরুণ প্রজন্মকে মাদকাসক্তি, সামাজিক যোগাযোগে মাধ্যমের আসক্তি থেকে দুরে রাখতে সকলকে খেলাধুলায় আরও বেশি সম্পৃক্ত হতে হবে। যাতে নতুন প্রজন্ম বিপথে যাওয়ার পরিবর্তে খেলাধুলায় সময় কাটাতে পারে। খেলাধুলা শারীরিক ও মানসিক মেধার বিকাশ ঘটায় এবং শরীর ও মনকে চাঙ্গা রাখে। লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা মানুষের মনকে সচেতন করে তোলে।

পল্টন ট্রাজেডি দিবস উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভা ও দোয়া

আজ ২৮ অক্টোবর ২০২৪, ঐতিহাসিক পল্টন ট্রাজেডি দিবস (২৭-২৮ অক্টোবর) উপলক্ষে এক আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করেছে মেহেরপুর জেলা জামায়াত।

জেলা জামায়াত আয়োজিত আলোচনা সভা আজ সোমবার (২৮ অক্টোবর) বিকেল সাড়ে ৩ টার দিকে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারের হলরুমে অনুষ্ঠিত হয়। পরে শহীদ শামসুজ্জোহা পার্কে চিত্র ও ডকুমেন্টারি প্রদর্শন করা হয়।

জেলা জামায়েত ইসলামীর নায়েবে আমির মাওলানা মাহবুবুল আলমের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা জামায়েত ইসলামীর আমির মাওলানা তাজউদ্দিন খাঁন।

প্রধান অতিথি বক্তব্যে জেলা জামায়েত ইসলামীর আমির
মাওলানা তাজউদ্দিন খাঁন

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, ২০০৬ সালের ২৮ অক্টোবর আওয়ামী লীগ যে নির্মম নির্যাতন চালিয়েছে তা বিশ্ব ইতিহাসে বিরল। সেই দিন সাধারণ মানুষের ওপর সশস্ত্র হামলা চালিয়ে তাদের হত্যা করা হয় এবং লাশের ওপর নৃত্য করে নির্মমতা প্রকাশ করা হয়। এমনকি একজন কোরআনের হাফেজকে নির্মমভাবে হত্যা করে তার দাঁত উপড়ে ফেলা হয়েছিল। আওয়ামী লীগের এই বর্বরতার দৃষ্টান্ত মানবতার জন্য কলঙ্ক।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা জামায়েতের ইসলামীর সাবেক আমির ছমির উদ্দিন।
এসময় তিনি বলেন, ২০০৬ সালের ২৮ অক্টোবর ঢাকাসহ সারাদেশে যে নৃশংসতা চালানো হয়েছিল, তার মধ্য দিয়ে আওয়ামী লীগের ফ্যাসিবাদী কার্যক্রমের সূচনা ঘটে। সেদিন শহীদ শিপন, শহীদ মুজাহিদ, শহীদ জসিমসহ অনেকেই শাহাদাত বরণ করেন। এভাবে লাশের ওপর নৃত্য করার মধ্য দিয়ে আওয়ামী লীগ তাদের নিষ্ঠুরতার প্রকাশ ঘটিয়েছে।

জেলা জামায়েত ইসলামীর সেক্রেটারি ইকবাল হোসেনের সঞ্চালনায় আলোচনা সভায় জেলা সমাজ কল্যাণ সেক্রেটারি জারজিস হুসাইন, জেলা রাজনীতি সেক্রেটার রুহুল আমিন, তারবিয়াত সেক্রেটারি রফিকুল ইসলাম, জেলা সুরা সদস্য ডাঃ আব্দুস সালাম, বাংলাদেশ শ্রমিক কল্যাণ সভাপতি আব্দুর রউফ মুকুল, সদর উপজেলা আমির সোহেল রানা,

সদর উপজেলা সেক্রেটারি জাব্বারুল ইসলাম মাস্টার, মুজিবনগর উপজেলা আমীর খান জাহান আলী, মেহেরপুর পৌর আমির সোহেল রানা ডলার, বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের সভাপতি সাখাওয়াত হোসেন, ২০০৬ সালের ২৮ অক্টোবর নিহত আব্বাসের মেজভাই আশরাফুল ইসলাম প্রমুখ বক্তব্য রাখেন।

আলোচনা ও দোয়ার পরে মেহেরপুর কানন সাংস্কৃতিক সংসদের উদ্যোগে হামদে বাবি তায়ালা, শহীদি সংগীত এবং থিমসন পরিবেশন করা হয়।

মেহেরপুরে অবসর প্রাপ্ত শিক্ষক রমজান আলীর ইন্তেকাল

মেহেরপুর সরকারি কলেজের অবসর প্রাপ্ত ক্রীড়া শিক্ষক মোঃ রমজান আলী ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইলাহি রাজিউন)।

আজ সোমবার (২৮ অক্টোবর) সকালে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

মরহুম রমজান আলী মেহেরপুর সরকারি কলেজ থেকে অবসর গ্রহণ করার পর জেলা ক্রীড়া সংস্থার বিভিন্ন সময়ে সহ-সভাপতি, যুগ্ম সম্পাদক এবং কোষাধক্ষ্য হিসেবে দায়িত্ব পালন করার পাশাপাশি জেলা রেফারী সমিতির সাধারণ সম্পাদক, জেলা রোভার স্কাউটের কোষাধক্ষ এবং হোটেল বাজার জামে মসজিদের সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮৬ বছর। তিনি স্ত্রী, দুই কন্যাসহ অসংখ্য শুভাকাঙ্কী ও গুণাগ্রাহী রেখে গেছেন।

পারিবারিক ভাবে জানা গেছে, আজ বাদ আসর হোটেল বাজার জামে মসজিদের সামনে জানাজা শেষে পৌর কবর স্থানে দাফন করা হবে।

কেদারগঞ্জে এম বি আর বাজার জামে মসজিদ নির্মাণ কাজের উদ্বোধন

মুজিবনগরের কেদারগঞ্জ এমবিআর বাজার সাপ্তাহিক হাট সংলগ্ন জামে মসজিদ নির্মাণ কাজের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (২৮ অক্টোবর) সকাল ১১ টার সময় অতিথি হিসাবে উপস্থিত থেকে কেদারগঞ্জ বাজার সাপ্তাহিক হাট সংলগ্ন মুক্তিযোদ্ধা কমপ্লেক্স এর পাশে জামে মসজিদ এর নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন, মুজিবনগর মুজিবনগর থানা অফিসার ইনচার্জ ওসি মিজানুর রহমান, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি সাবেক উপজেলা চেয়ারম্যান আমিরুল ইসলাম, মেহেরপুর জেলা জামাতের আমির মাও: তাজউদ্দিন খান এবং জামে মসজিদ নির্মাণ কমিটি ও এমবিআর বাজার কমিটির সভাপতি আব্দুল হামিদ।

এ সময় মসজিদের নির্মাণ কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পূর্ণ করার জন্য মহান আল্লাহ তাআলার নিকট দোয়া ও সাহায্য প্রার্থনা করা হয়।

এমবিআর বাজার জামে মসজিদের উদ্বোধন অনুষ্ঠানে অতিথিরা বলেন, আল্লাহর ঘর নির্মাণে সমাজের বিত্তবান মানুষজনকে এগিয়ে আসতে হবে। যার যতটুকু সামর্থ্য আছে সে অনুযায়ী সহযোগিতা করতে হবে। আসুন আমরা সবাই মিলে এই আল্লাহর ঘর নির্মাণে সহযোগিতা করি।

এ সময় মসজিদ নির্মাণ কমিটির সভাপতি আব্দুল হামিদ সকল ধর্মপ্রাণ মুসলমানদের প্রতি মসজিদ নির্মাণে সকলের কাছে সহযোগিতার আহ্বান জানান এবং যারা সহযোগিতা করতে চান তারা যেন সরাসরি অথবা অগ্রণী ব্যাংক মুজিবনগর শাখা সঞ্চয় হিসাব নং-৯৭২৬, অনলাইন নং- ০২০০০০৯৪৫৬১৩২ নম্বরে দানের টাকা জমা দেন অথবা আঃ হামিদ (সভাপতি), মোবাঃ ০১৭১৫-৮৪৯৩৮৪ মতিরুল ইসলাম (কোষাধ্যক্ষ), ০১৭২১-৭১৭৯৭৬ নাম্বারে যোগাযোগ করার জন্য অনুরোধ করেন।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা যুবদলের সদস্য সচিব ও কেদারগঞ্জ এমবিআর বাজার কমিটির সাধারণ সম্পাদক আনোয়ারুল ইসলাম, মাও:আব্দুল

লতিফসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং কেদারগঞ্জ এমবিআর বাজার কমিটির সদস্যবৃন্দ ও ব্যবসায়ীবৃন্দ।

মুজিবনগরে অজানা রোগে মারা গেছে খামারির ৭টি গরু

মুজিবনগরে অজানা রোগে হঠাৎ মারা গেছে আনন্দবাস বিশ্বাস পাড়ার পটল বিশ্বাসের স্ত্রী খামারি কহিনুর খাতুনের ৭টি গাভী গরু। গত বৃহস্পতিবার সন্ধায় এবং শুক্রবার সকালে পর্যায় ক্রমে গরুগুলি মারা যায়।

গরু মারা যাওয়ার বিষয়ে খামারি কহিনুর খাতুন জানান, ঘটনার দিন তিনি তার অসুস্থ মেয়েকে নিয়ে ডাক্তারের কাছে গিয়ে ছিলেন সন্ধায় খামার পরিস্কার করতে গিয়ে দেখেন একটি গরু মরে পড়ে আছে আরো দু- তিনটা গরুর নাক মুখ দিয়ে রক্ত বার হচ্ছে। সঙ্গে সঙ্গে তিনি স্থানীয় শিক্ষানবিস ভেটেরিনারি চিকিৎসক তপু রায়হানকে খবর দেন তিনি গিয়ে গরুর রোগের উপসর্গ দেখে মেহেরপুর সদর উপজেলা ভেটেরিনারি সার্জন ডা: শোয়ব সাকিব কে জানালে তিনি ব্যবস্থা পত্র দিয়ে চিকিৎসা দিতে বলেন পরবর্তিতে তিনি নিজে এসে চিকিৎসা প্রদান করেন। চিকিৎসার পরেও পর্যায়ক্রমে গরুগুলি মারা যায়।

তিনি আরো জানান, তিনি অনেক কষ্ট করে লোন তুলে গাভী গরুর খামারটি তিলে তিলে গড়ে তুলেছিলেন কিন্তু ভাগ্যের নির্মম পরিহাস ১৩ টি গরুর মধ্যে হঠাৎ ৭ টি গরু মারা গেছে। তিনি প্রায় নি:স্ব হয়ে গেছেন। ৭ গরুর মধ্য ৬ টি গরুর পেটে বাচ্ছা ছিল।

এ বিষয়ে সদর উপজেলা ভেটেরিনারি সার্জন ডা: শোয়ব সাকিব জানান, কল পেয়ে তিনি ঘটনাস্থলে গিয়ে ছিলেন, উপসর্গদেখে মনে হয়েছিল গরুগুলি বিষক্রিয়ায় আক্রান্ত হয়ে ছিল। মাঠে থেকে যে ঘাস নিয়ে এসে গরুগুলি কে খাওয়ানো হয়েছিল সম্ভবত সেই ঘাসে বিষ জাতীয় কিছু ছিল তার কারনে গরুগুলি মারা গেছে।

এ বিষয়ে মুজিবনগর উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডা: হারিছুল

আবিদ জানান বিষয়টি আমি শুনেছি বিভিন্ন তথ্য যাচায় করে আমরা জানতে পেরেছি গরুগুলি নাইট্রেট পয়জনের কারণে মারা গিয়েছে।

আমরা প্রাণিসম্পদ অফিস থেকে চেষ্টা করব তার দিকে সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার এবং সরকারি অনুদান পাওয়ার ক্ষেত্রে আমরা সর্বোচ্চ চেষ্টা করব।

গাংনীতে যুবদলের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

মেহেরপুরের গাংনীতে বর্ণাঢ্য র্যালী, সমাবেশ এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্যে দিয়ে যুবদলের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে।

আজ রবিবার বিকেলে গাংনী উপজেলা যুবদলের আয়োজনে এক বিশাল র্যালী গাংনী বাসস্ট্যান্ড থেকে শুরু করে উপজেলা পরিষদ চত্বর প্রদক্ষিণ করে একই স্থানে শেষ হয়। এরপর গাংনী বাসস্ট্যান্ডে সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে গাংনী উপজেলা যুবদলের সদস্য সচিব জাহিদুল ইসলাম এর সঞ্চালনায় সভাপতিত্ব করেন উপজেলা যুবদলের আহবায়ক মালেক হোসেন চপ্পল।
উক্ত সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিলটন।

এ সময় তিনি বলেন, গনতন্ত্রকে পুনরুদ্ধার করতে অতন্দ্র প্রহরী হিসেবে পাহারা দেবে জাতীয়তাবাদী যুবদল। আওয়ামী লীগ এখনো নৈরাজ্য সৃষ্টি করার চেষ্টা করছে। চাঁদাবাজি, সন্ত্রাসী কার্যকলাপ কেউ যদি করে তাহলে আপনারা তাকে প্রতিহত করবেন। তাকে ধরে যৌথ বাহিনীর হাতে তুলে দেবেন। এছড়াও তিনি বলেন, তারেক রহমানের নামে যে সকল মিথ্যা মামলা দেওয়া হয়েছে তা অবিলম্বে প্রত্যাহার করতে হবে।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা যুবদলের সিনিয়র সহসভাপতি

আব্দাল হক।

সমাবেশে প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওসার আলী।

এছাড়াও বক্তব্য রাখেন জেলা যুবদলের সহসভাপতি বিকলুস হক, পৌর যুবদলের আহবায়ক সাহিদুল ইসলাম, সদস্য সচিব এনামুল হক।

এসময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির সহসভাপতি শহিদুল ইসলাম নাসির,জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আব্দুল আওয়াল বিশ্বাস, আলফাজ উদ্দিন কালু,ইনসারুল হক, উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, পৌর বিএনপির সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলা, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আখেরুজ্জামান, যোলটাকা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মনিরুজ্জামান মনি, সহ বিভিন্ন ওয়ার্ড থেকে আগত নেতা ও কর্মী বৃন্দরা।

গাংনী উপজেলার বিভিন্ন ইউনিয়ন এবং ওয়ার্ড থেকে দলে দলে যুবদলের নেতা ও কর্মী বৃন্দরা সমাবেশে যোগদান করে।

মেহেরপুরে জাতীয়তাবাদী যুবদলের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

মেহেরপুরে শোভাযাত্রা ও সমাবেশের মধ্যে দিয়ে জাতীয়তাবাদী যুবদলের ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়েছে।

রবিবার বিকালে জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদের নেতৃত্বে বিএনপি কার্যালয় থেকে একটি শোভাযাত্রা বের করা হয়। শোভযাত্রাটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে শহীদ ড. সামসুজ্জোহা পার্কে গিয়ে শেষ হয়।

মেহেরপুরে-জাতীয়তাবাদী-য/পরে পার্কের মুক্ত মঞ্চে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথির বক্তব্য দেন জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুন।

প্রধান অতিথির বক্তব্যে মাসুদ অরুন বলেন, আজকের মিছিলে অংশগ্রহণের মধ্য দিয়েই বোঝা যায় যুবসমাজ ঘুরে দাঁড়ালে সবকিছু পরিবর্তন করা সম্ভব। ফ্যাসিস্ট হাসিনা সরকার দেশের সমস্ত কিছু লুটপাট করে খেয়েছে। তাদের দোসরদের কোন প্রকার ছাড় দেওয়া যাবে না। দলে অনুপ্রবেশকারীদের কোন স্থান দেওয়া যাবে না।

মেহেরপুরে যুবদলের প্রতিষ্ঠাবার্ষিকীর শোভাযাত্রায় শতশত নেতা কর্মী

কর্মসীচূতে সদর উপজেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, সদর উপজলা যুবদলের আহবায়ক লিয়াকত আলী, সদস্য সচিব কামরুজ্জামান বিপ্লব, পৌর যুবদলের আহবায়ক সামিউল ইসলাম লিজন, সদস্য সচিব নওশেল আহমেদ রনি, মুজিবনগর উপজেলা যুবদলের আহবায়ক আবুল হাসান, সদস্য সচিব আনারুল ইসলামসহ বিভিন্ন ইউনিটের শত শত নেতাকর্মী অংশগ্রহণ করেন।

মেহেরপুরে যুবদলের ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল মেহেরপুর জেলা শাখার আয়োজনে নানা কর্মসূচির মধ্য দিয়ে সংগঠনটির ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে।

কর্মসূচির মধ্যে ছিল জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন, রক্তদান কর্মসূচি, কেক কাটা, দোয়া মাহফিল ও আলোচনা সভা।

আজ রবিবার (২৭ অক্টোবর) বিকেলে একটি শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি মেহেরপুরে শহরের মল্লিক পুকুরের উপর থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয়। পরে সেখানে আলোচনা সভার আয়োজন করা হয়।

আলোচনা সভায় বক্তব্য রাখেন, জেলা যুবদলের সহ সাধারণ সম্পাদক হুজাইফা ডিক্লিয়ার।

এ সময় মেহেরপুর সদর যুবদল নেতা বখতিয়ার, ইউনুস আলী, মাসুুদ, রাজু, সাবেক ছাত্রদল নেতা জয়নাল আবেদীন অভি, লিটন, ফাহিম, মুজিবনগর যুবদল নেতা সিরাজ, এরশাদ, জাহাঙ্গীর, ইয়াসিন বাসিম, ইদ্রিস, মোঃ ইমরান হোসেন, স্বপন, মাসুদ, সুজন, বাবু, হাবিবর, পলাশ, বারাদী ইউনিয়ন যুবদল নেতা আসলামউদ্দীন বিট্টুসহ বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

আলোচনা সভার স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি অনুষ্ঠিত হয়। পরে কেক কাটা ও দোয়া মাহফিলের মাধ্যমে দিনটির সমাপ্তি ঘটে।